# মায়ামিতে ভেনেজুয়েলার বিপক্ষে আর্জেন্টিনার একাদশে মেসি অনিশ্চিত



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের মায়ামিতে শনিবার ভোরে ভেনেজুয়েলার মুখোমুখি হবে বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা। তবে ব্যস্ত সূচির কারণে এই ম্যাচে অনিশ্চিত আর্জেন্টাইন অধিনায়ক লিওনেল মেসি।

আসন্ন প্রীতি ম্যাচে ভেনেজুয়েলার বিপক্ষে মাঠে নামছে আর্জেন্টিনা জাতীয় দল। যুক্তরাষ্ট্রের মায়ামির হার্ড রক স্টেডিয়ামে বাংলাদেশ সময় শনিবার (১১ অক্টোবর) ভোর ৬টায় শুরু হবে ম্যাচটি।

তবে এই ম্যাচে মাঠে দেখা নাও যেতে পারে লিওনেল মেসিকে। মেজর লিগ সকারে (এমএলএস) ইন্টার মায়ামির হয়ে গত ২১ দিনে টানা ছয়টি ম্যাচ খেলেছেন তিনি। টানা ম্যাচ খেলার ক্লান্তি ও শারীরিক চাপে পড়ায় তার খেলা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। কোচ লিওনেল স্কালোনি মেসিকে বিশ্রাম দেওয়ার কথাও বিবেচনা করছেন বলে জানা গেছে।

ইতিহাস বলছে, দুই দলের ৩০টি মুখোমুখি লড়াইয়ে আর্জেন্টিনা জয় পেয়েছে ২৫ ম্যাচে, ভেনেজুয়েলা জিতেছে মাত্র ২টিতে, আর ৩টি ম্যাচ ড্র হয়েছে। শেষ পাঁচ সাক্ষাতের মধ্যে চারটিতে জয়ী হয়েছে আর্জেন্টিনা এবং একটিতে হয়েছে ড্র।

উল্লেখ্য, গত মাসে দক্ষিণ আমেরিকা অঞ্চলের বিশ্বকাপ বাছাইপর্বে শীর্ষ দল হিসেবে নিজেদের অভিযান শেষ করেছে আর্জেন্টিনা। এখন আসন্ন ২০২৬ বিশ্বকাপকে সামনে রেখে আলবিসেলেস্তেরা প্রস্তুতি নিচ্ছে একাধিক প্রীতি ম্যাচের মাধ্যমে, যার প্রথম প্রতিপক্ষ ভেনেজুয়েলা।